**বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র**
সাভার, ঢাকা
পিপিআর অনুবিভাগ
www.bpatc.gov.bd

**২০২৪ সালের ১ম অনুষদ সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ আশরাফ উদ্দিন<br>রেক্টর (সরকারের সচিব), বিপিএটিসি |
| সভার তারিখ | : ৩১ মার্চ, ২০২৪ |
| সভার সময় | : সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : রেক্টর'স কনফারেন্স রুম, আইটিসি |
| উপস্থিতি | : পরিশিষ্ট "ক" |

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানানোর মাধ্যমে সভা শুরু হয়। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (পিপিআর) সভার আলোচ্যসূচী উপস্থাপন করেন। অতঃপর চলতি বছরের প্রথম অনুষদ সভা কেন্দ্রের রেক্টর মহোদয় পরিচালক (পিপিআর) কে সভার আলোচ্যসূচি উপস্থাপন করতে বলেন। পরিচালক (পিপিআর) সভাকে জানান, গত বছরের সভার বিষয়ে অনুষদ সদস্যদের বিশেষ কোন পর্যবেক্ষণ আছে কি না। বিশেষ কোন পর্যবেক্ষণ না থাকায় পরিচালক (পিপিআর) সভার অগ্রগতি নিয়ে আলোচনা করেন।

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ ও বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | পরিচালক (পিপিআর) সভাকে অবহিত করেন যে, গত ১৯ ডিসেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত অনুষদ সভার কার্যবিবরণী সকল অনুষদের মধ্যে বিতরণ করা হয়েছে। কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি বিধায় বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা যায়। | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো। |
| ০২ | প্রাতিষ্ঠানিক রিভিউ (Institutionl Review) | সভায় আলোচনা হয় যে, গত ১২ মার্চ ২০২৪ তারিখে কেন্দ্রের প্রাতিষ্ঠানিক রিভিউ (Institutionl Review) এর নতুন কমিটি গঠন করে অফিস আদেশ জারি করা হয়। | গঠিত কমিটি যথাশীঘ্র পূর্ববর্তী কমিটিসমূহের কার্যপরিধি এবং কার্যক্রম পর্যালোচনাপূর্বক নতুন কার্যপরিধি নির্ধারণ করে রেক্টর এর অনুমোদন সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপন করবেন।<br>বাস্তবায়ন: এমডিএস (ডিএন্ডই) |
| ০৩ | বিষয়ভিত্তিক স্বল্পমেয়াদি/সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্স আয়োজন | বিগত সভায় (১৯/১২/২০২৩) এই মর্মে সিদ্ধান্ত হয়েছিল যে, জানুয়ারি ২০২৪ মাসের মধ্যে অন্তত একটি সংক্ষিপ্ত/স্বল্পমেয়াদি কোর্স আরম্ভ করা হবে। এলক্ষ্যে কারিকুলাম প্রস্তুতের জন্য কেন্দ্রের সকল বিভাগে অনুরোধ জানানোর পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত কোর্সের জন্য খসড়া কারিকুলাম পাওয়া গেছেঃ<br>(১) ToT on Pedagogy Training Management<br>(২) Course on Project Management<br>(৩) Course on Leadership and Negotiation<br>(৪) Course on Public Financial Management<br>(৫) Course on Civil Service, 2041 and Smart Bangladesh<br>(৬) Course on Climate Change and Environmental Governance<br>সভাপতি এই মর্মে অভিমত প্রকাশ করেন যে, খসড়া কারিকুলাম বিষয়ে অনুষদ সদস্যদের মতামত নেয়া যেত পারে। | কেন্দ্রে প্রস্তাবিত সংক্ষিপ্ত/স্বল্পমেয়াদি কোর্সের কারিকুলাম প্রস্তুতির লক্ষ্যে খসড়া কারিকুলামের উপর অনুষদ সদস্যগণ আগামী ২৫ এপ্রিল ২০২৪ তারিখের মধ্যে লিখিত মতামত পিপিআর শাখায় প্রেরণ করবেন। এলক্ষ্যে খসড়া কারিকুলামসমূহ ইমেইলে অনুষদ সদস্যদের নিকট প্রেরণ করতে হবে।<br><br>বাস্তবায়ন: পরিচালক (পিপিআর) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ ও বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৪ | কেন্দ্রের বিভিন্ন অনুবিভাগ/শাখার কার্যপরিধি (Job Distribution) ও জনবল কাঠামো পুনঃনির্ধারণ এবং কেন্দ্রের নাম পরিবর্তন সংক্রান্ত | সভাকে অবহিত করা হয়ে যে, কেন্দ্রের বিভিন্ন শাখার কার্যপরিধি নির্ধারণের জন্য প্রশাসন শাখা হতে শাখাভিত্তিক দায়িত্ব বন্টন করা হয়েছে। শাখাভিত্তিক Job Distribution প্রস্তুতির কার্যক্রম চলমান। এছাড়া, কেন্দ্রের ভবিষ্যত চাহিদা মোতাবেক লোকবল কাঠামো নিরূপনের জন্য এমডিএস (এমএন্ডপিএ)-র দায়িত্বে একটি কমিটি কাজ করছে। উক্ত কমিটি ইতোমধ্যে একাধিক সভায় শাখাভিত্তিক সম্ভাব্য জনবল কাঠামো নিয়ে আলোচনা করেছে।<br>এছাড়া, কেন্দ্রের নাম পরিবর্তনের সম্ভাবনা যাচাই এর জন্য এমডিএস (প্রকল্প ও উন্নয়ন) এর নেতৃত্বে গঠিত অপর একটি কমিটি ইতোমধ্যে তাদের সুপারিশসহ প্রতিবেদন প্রস্তুত করেছে। | কেন্দ্রের বিভিন্ন অনুবিভাগ/শাখার কার্যপরিধি (Job Distribution), পুনর্নির্ধারণ, জনবল কাঠামো হালনাগাদকরণ এবং কেন্দ্রের নাম পরিবর্তন সংক্রান্ত কার্যক্রম দ্রুততার সাথে সম্পাদন করতে হবে।<br><br>বাস্তবায়ন: সংশ্লিষ্ট কমিটি |
| ০৫ | জনপ্রশাসন মন্ত্রণালয়ের রিসোর্স পারসন পুলভুক্ত এবং হার্ভার্ড বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত ToT on Pedagogy প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণকে কেন্দ্রে পরিচালিত কোর্সসমূহে আমন্ত্রণ জানানো | সভাপতি জানান যে, জনপ্রশাসন মন্ত্রণালয় হতে একটি রিসোর্স পারসন পুল গঠন করা হয়েছে। এতে বিষয়ভিত্তিক বিভিন্ন বক্তাদের নামের তালিকা রয়েছে। এছাড়া, ২০২৩ সালে জিআইইউ-হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের সমঝোতার আলোকে বিপিএটিসিতে একটি ToT on Pedagogy প্রশিক্ষণ আয়োজিত হয়েছে। উক্ত প্রশিক্ষণে ৩৫ জন অংশগ্রহণ করেছেন। কেন্দ্রে যেসব কোর্স পরিচালিত হয়, সেসকল কোর্সে জনপ্রশাসন মন্ত্রণালয়ের রিসোর্স পারসন পুল এবং Pedagogy প্রশিক্ষণ গ্রহণকারী প্রশিক্ষণার্থীদের আমন্ত্রণ জানানোর জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় এবং প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে অনুরোধ জানানো হয়েছে। সেপ্রেক্ষিতে কেন্দ্রে চলমান বিভিন্ন কোর্সকে ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ জানানো হয়। বিষয়টি তদারকির জন্য পরিচালক (পিপিআর)-কে নির্দেশনা জানানো হয়। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের রিসোর্স পারসন পুলভুক্ত এবং হার্ভার্ড বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত ToT on Pedagogy প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণকে কেন্দ্রে পরিচালিত কোর্সসমূহে আমন্ত্রণ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বাস্তবায়ন: কোর্স প্রশাসন/ পরিচালক (পিপিআর) |
| ০৬ | সম্পন্নকৃত এসএসসি/এসিএডি/ পিপিএমসি কোর্সের সনদ প্রেরণ | মূল্যায়ন অনুবিভাগ থেকে জানা যায়, ১২৮-১৩৭তম এসিএডি এবং ৯৭-১০৩ ও ১০৫তম এসএসসি এর সনদ প্রেরণ করা হয়েছে। ১৩৮-১৩৯তম এসিএডি, ১০৪তম ও ১০৬তম এসএসসি এবং ২০-২৩তম পিপিএমসি এর সনদ প্রেরণ অবশিষ্ট রয়েছে। | সম্পন্নকৃত এসএসসি, এসিএডি ও পিপিএমসি কোর্সসমূহের সনদ, মার্কশীট ও সার্টিফিকেট কাভার প্রশিক্ষণার্থীদের ঠিকানা বরাবর দ্রুত প্রেরণ করতে হবে।<br><br>বাস্তবায়ন: মূল্যায়ন অনুবিভাগ। |
| ০৭ | কেন্দ্রের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্য অর্জন | সভায় কেন্দ্রের বিভাগসমূহের এপিএ লক্ষ্যসমূহের অগ্রগতি নিরীক্ষণ এবং এ সংক্রান্ত রির্পোট এপিএ টিম বরাবর প্রেরণ নিশ্চিত করতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের উপর জোর দেয়া হয়। | সংশ্লিষ্ট বিভাগসমূহকে নিজস্ব এপিএ লক্ষ্যসমূহের অগ্রগতি অর্জনে সচেষ্ট হতে হবে এবং এ সংক্রান্ত রির্পোট এপিএ টিম বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে।<br><br>বাস্তবায়ন: এপিএ টিম |
| ০৮ | অনুষদ সদস্যদের দক্ষতা উন্নয়নমূলক কার্যক্রম | কেন্দ্রের অনুষদ সদস্যদের দক্ষতা বৃদ্ধির জন্য আগামী জুনের আগেই Advanced ToT Course, Advanced Course on English Language কোর্সটি শুরু করা যায়। এই লক্ষ্যে একটি CMT গঠন করা যায়।<br><br>হাভার্ড বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত মাসব্যাপী Pedagogy Training কেন্দ্রের ৩জন অনুষদ সদস্য সম্পন্ন করে এসেছেন। এছাড়াও, ৫ জন অনুষদ সদস্য Harvard-GIU প্রদত্ত ToT কোর্স সম্পন্ন করেছেন। এমতাবস্থায়, উক্ত কোর্সসমূহ সম্পন্নকৃত অনুষদ সদস্যদের | (ক) জুন, ২০২৪ এর মধ্যে Advanced ToT Course, Advanced Course on English Language পরিচালনার উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>(খ) কেন্দ্রের যেসকল অনুষদ সদস্য হাভার্ড বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত Pedagogy Training-এ অংশগ্রহণ করেছেন, |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ ও বাস্তবায়ন |
|---|---|---|---|
| | | নিয়ে অর্ধ-দিবসব্যাপী Dissemination Knowledge Sharing সেমিনার আয়োজন করা যায়। | তারা একটি Learning Session আয়োজন করবেন।<br><br>বাস্তবায়নে: পিপিআর অনুবিভাগ। |
| ০৯ | Standard Operating Procedure (SOP) of BPATC 2021 হালনাগাদকরণ | ক) কোর্স প্রশাসন Guideline ও Brochure একত্রে প্রিন্ট করা হবে। কোর্স বাজেট থেকে এ অর্থ পরিশোধ করতে হবে।<br>খ) পিপিআর অনুবিভাগ কারিক্যুলামের সফ্‌ট কপি প্রস্তুত করে কোর্স ব্যবস্থাপনা দলকে কোর্স শুরুর অন্তত ১৫ দিন পূর্বে প্রেরণ করবে। | পিপিআর অনুবিভাগ হতে কোর্স কারিকুলাম প্রস্তুত এবং কোর্স ম্যানেজমেন্ট টিম কর্তৃক ব্রশিউর ও গাইডলাইন চূড়ান্ত করে তা প্রিন্ট করার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। |
| ১০ | লেসন প্ল্যান/ প্রশিক্ষণ ম্যানুয়াল প্রস্তুতকরণ | সভায় কেন্দ্রে পরিচালিত বুনিয়াদিসহ বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের মডিউলভিত্তিক লেসন প্ল্যান এবং পরিপূর্ণ প্রশিক্ষণ ম্যানুয়েল তৈরির বিষয়ে আলোচনা হয়। বিভিন্ন অনুষদ সদস্য এই মর্মে অবহিত করেন যে, বিভিন্ন সময়ে যেসকল অনুষদ সদস্য কোর কোর্সসমূহের মডিউল পরিচালনা করেছেন, তাদের নিয়ে মডিউলভিত্তিক টিম গঠন করা যেতে পারে এবং তাদের সহযোগিতায় বিষয়ভিত্তিক লেসন প্ল্যান প্রস্তুত করা যায় যা প্রশিক্ষকদের কার্যকর প্রশিক্ষণ প্রদানে ভূমিকা রাখবে। এছাড়া, একটি স্বয়ংসম্পূর্ণ প্রশিক্ষণ ম্যানুয়াল তৈরির উপরেও জোর দেয়া হয়। | অনুষদ সদস্যদের দক্ষতাভিত্তিক তালিকা প্রস্তুতির পর মডিউলভিত্তিক লেসন প্ল্যান প্রস্তুত করার জন্য কমিটি গঠন করতে হবে।<br><br>বাস্তবায়ন: পিপিআর অনুবিভাগ। |
| ১১ | কোর কোর্সের কারিকুলাম বাংলায় অনুবাদ | জাতীয় প্রশিক্ষণ কাউন্সিলের ৮ম সভার ১.৯ এর সিদ্ধান্ত এবং কেন্দ্রে ১৬ এপ্রিল ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত-০২ অনুযায়ী কেন্দ্রের কোর কোর্সসমূহের কারিকুলামসমূহ ইংরেজির পাশাপাশি বাংলায় অনুবাদ ও প্রকাশের ব্যবস্থা গ্রহণের নির্দেশনা রয়েছে। সে মোতাবেক কোর কোর্সসমূহের কারিক্যুলাম বুনিয়াদি, এসিএডি, এসএসসি এর অনুবাদকৃত কারিকুলাম পাওয়া গিয়েছে। তবে এর পিপিএমসি এর বাংলায় অনুবাদকৃত কারিকুলাম এখনো পাওয়া যায় নি। | বাংলায় অনূদিত কারিকুলামসমূহ যাচাই-র লক্ষ্যে কারিকুলাম ডেভেলপমেন্ট কমিটির নিকট প্রেরণ করতে হবে। এছাড়া, PPMC এর ক্যরিকুলাম বাংলায় অনুবাদ করে পিপিআর অনুবিভাগে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট অনুবাদক দলকে তাগিদ দেয়া হয়।<br>বাস্তবায়নে: পিপিআর অনুবিভাগ |
| ১২ | অনুষদ সদস্যদের নিকট হতে প্রাপ্ত প্রস্তাব | (১২.১) বক্তাকে আমন্ত্রণপত্র প্রেরণের সময়ই বক্তা নির্দেশিকা সাথে প্রেরণ করতে হবে। বক্তা মূল্যায়নের ক্ষেত্রেও এ নির্দেশিকা সংযুক্ত করতে হবে।পিপিআর অনুবিভাগ উক্ত নির্দেশিকার খসড়া প্রস্তুত করে CDC সভার মাধ্যমে চূড়ান্ত করবে। এছাড়া, সিনিয়র স্টাফ কোর্সের কারিকুলামে লেকচারভিত্তিক বিষয় হ্রাস করে Case ভিত্তিক বিষয়াদি অন্তর্ভূক্তির বিষয়টি বিবেচনা করার উপর গুরুত্বারোপ করা হয়।<br><br>(১২.২) হাভার্ড বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত মাসব্যাপী Pedagogy Training কেন্দ্রের ৩জন অনুষদ কর্তৃক কেন্দ্রের কোর কোর্সের প্রশিক্ষণার্থীদের Research Paper সমূহ থেকে Best Prectice গুলো দিয়ে খসড়া Case প্রস্তুত করে তা presentation করা যেতে পারে।<br><br>(১২.৩) সদ্য সমাপ্তকৃত TNA এর ফলাফল পরবর্তী এফটিসিতে প্রয়োগ করা যায় কিনা তা যাচাই করতে হবে এবং একটি Policy Brief প্রকাশ করতে হবে। অন্যান্য কোর্সসমূহের জন্য TNA নিরুপনে গবেষণা প্রকল্প হাতে নিতে হবে। উক্ত, TNA এখনো গবেষণা মূল্যায়ন কমিটিতে অনুমোদিত হয় নি। | (১২.১) কারিকুলাম উন্নয়ন কমিটির মাধ্যমে বক্তা নির্দেশিকা চূড়ান্ত করা হবে। এজন্য খসড়াটি সিডিসির সভায় উপস্থাপন করতে হবে।<br><br>বাস্তবায়নে: পিপিআর অনুবিভাগ।<br><br>(১২.২) কেন্দ্রের কোর্সগুলোতে কেস স্টাডি মেথডভিত্তিক প্রশিক্ষণ প্রদানের বিষয়টি বিবেচনা করতে হবে। এজন্য কেন্দ্রের প্রশিক্ষণ উপযোগী case development করতে হবে।<br><br>বাস্তবায়নে: গবেষণা শাখা<br><br>(১২.৩) পরিচালক (গবেষণা ও উন্নয়ন) এবং সংশ্লিষ্ট গবেষক দল এই বিষয়ে দ্রুত অগ্রগতির উদ্যোগ গ্রহণ করবেন। |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ ও বাস্তবায়ন |
|---|---|---|---|
| | | (১২.৪) প্রশিক্ষণার্থীদের টি-শার্টে আইডি নম্বর সম্বলিত ট্যাগ কোন প্রক্রিয়ায় সংযুক্ত করা হবে তার জন্য একটি কমিটি গঠন করতে হবে।<br>(১২.৫) NTC এর পোশাক সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১২.৪) ও (১২.৫) শরীরচর্চার সময়ে প্রশিক্ষণার্থীদের পরিধেয় পোশাকে কীরূপে নাম/পরিচিতি যুক্ত করা যায় এব্যাপারে কেন্দ্রের খেলাধূলা শাখা উদ্যোগ গ্রহণ করবে।<br>বাস্তবায়নঃ খেলাধূলা শাখা |
| ১৩ | বিবিধ আলোচনা | এপর্যায়ে মুক্ত আলোচনার জন্য সভাপতি আহবান করেন। উপস্থিত অনুষদ সদস্যগণ বিভিন্ন বিষয় উত্থাপন করেন। যেসব প্রসঙ্গে আলোচনা হয় সংক্ষিপ্ত আকারে তা নীচে উল্লেখ করা হলোঃ<br>(ক) বিভিন্ন কোর্সে আগত অতিথি বক্তাদের পরিচিতি (CV) ইআরপি (ERP) তে আপলোড করা যায়।<br>(খ) ইআরপি (ERP) তে ব্যবহারকারীগণের তথ্য সম্বলিত PMIS অংশটি উন্নীতকরণের লক্ষ্যে সরকারি কর্মচারী ব্যবস্থাকরণ পদ্ধতি (GEMS) তে অন্তর্ভুক্ত বৈশিষ্ট্য অনুসরণ করা যায়। প্রত্যেক অনুষদ সদস্যের কোর্স সংক্রান্ত বিভিন্ন সংশ্লিষ্টতা (কোর্স ব্যবস্থাপনা টিম, মডিউল পরিচালক, রিসার্চ মেন্টর ইত্যাদি) বিষয়ে পূর্ণাঙ্গ তথ্য পেতে একটি স্বতন্ত্র TAB/Menu চালু করা যেতে পারে। | ইআরপি সিস্টেমে একজন অতিথি বক্তার নাম একাধিকবার অন্তর্ভুক্ত থাকলে তা যাচাইপূর্বক সরিয়ে ফেলার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ইআরপি-তে বক্তার পরিচিতি আপলোড করার সুযোগ তৈরি করতে হবে।<br>বাস্তবায়নে: সিস্টেম এনালিস্ট |
| | | গ) কেন্দ্রের ৪০ বছর পূর্তিতে একটি Video Documentation প্রস্তুত করা যায় এবং ৫০ বছর পূর্তিতে বিপিএটিসি'র প্রতিষ্ঠালগ্ন হতে এর কার্যক্রম এবং পরিবর্তন সংক্রান্ত একটি গবেষণা পরিচালনা করা যায়। | কেন্দ্রের পরিচালন বাজেটের আওতায় নির্মিত তথ্যচিত্রটি চূড়ান্তকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এলক্ষ্যে একটি সভা আহবান করা যেতে পারে।<br>বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন) |

২। অপর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৭/০৪/২০২৪

(মোঃ আশরাফ উদ্দিন)
রেক্টর

নং-০৫.০১.২৬৭২.১৩৩.০৬.১৪.১৯.৮৭৬ তারিখ: ১৭ এপ্রিল ২০২৪ খ্রি.

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থেও সদয় কার্যার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১। অনুষদ সদস্য (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা।
২। প্রোগ্রামার, বিপিএটিসি, সাভার, ঢাকা (বিপিএটিসি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। পি. এস. টু রেক্টর, বিপিএটিসি, সাভার, ঢাকা (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। সংশ্লিষ্ট নথি।

১৭/০৪/২৪

(হাসান মুর্তাজা মাসুম)
পরিচালক (পিপিআর)